



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

সংস্থাপন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.২৭

তারিখ: ১০ মাঘ ১৪২৮

২৪ জানুয়ারি ২০২২

বিষয়: নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ২১-০১-২০২২ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০১.২১-১৪১ নং স্মারক পত্র ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ২২-০১-২০২২ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ শিক্ষা বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/ রিটার্নিং কর্মকর্তাকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে কোভিড ১৯ সংক্রমণ রোধে নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরের সকল ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। একইসাথে সমাবেশ ও জমায়েতে বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। ফলে এ বোর্ডের আওতাধীন যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির নির্বাচন কার্যক্রম ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে যা এখনো সম্পন্ন হয়নি, সেসকল নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম ০৬-০২-২০২২ খ্রি. পর্যন্ত যেখানে যে অবস্থায় রয়েছে, সেখানে সে অবস্থায় স্থিত/স্থগিত থাকবে। যদি শিক্ষা প্রতিষ্ঠানের বন্ধের মেয়াদ বাড়ানো হয় সেক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে এই স্থগিতাদেশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধকাল পর্যন্ত বলবৎ থাকবে।

২৪-১-২০২২

প্রফেসর ড. মোঃ আহসান হাবীব

চেয়ারম্যান

ফোন: ০৪২১-১৬৮৬৫০

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

অত্র বোর্ডের

আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.২৭/১(৪)

তারিখ: ১০ মাঘ ১৪২৮

২৪ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) কলেজ পরিদর্শক, কলেজ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২৪-১-২০২২

প্রফেসর মোঃ আব্দুল খালেক সরকার

সচিব